“বিধবা ও মিসকীন-এর জন্য (খাদ্য জোগাড়) চেষ্টারত ব্যক্তি আল্লাহর রাস্তার মুজাহিদের মতো অথবা রাতে সালাত আদায়কারী ও দিনে সিয়াম পালকারীর মতো।”

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “বিধবা ও মিসকীন-এর জন্য (খাদ্য জোগাড়) চেষ্টারত ব্যক্তি আল্লাহর রাস্তার মুজাহিদের মতো অথবা রাতে সালাত আদায়কারী ও দিনে সিয়াম পালকারীর মতো।”
[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

এ হাদীসে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জানিয়েছেন, যে ব্যক্তি আল্লাহর কাছে সাওয়াব পাওয়ার আশায় এমন বিধবা নারীর অভাব অনটন মিটাতে সাহায্য করে, যার দেখভাল করার মতো কেউ নেই এবং অভাবী মিসকীনের জন্য খাদ্য জোগাড় ও অভাব পূরণের কাজে নিয়োজিত থাকে, সে ব্যক্তি আল্লাহর রাস্তায় মুজাহিদের মতো অথবা রাতে ক্লান্তিহীনভাবে তাহাজ্জুদ সালাত আদায়কারী ও দিনে অবিরত সিয়াম পালকারীর মতো সাওয়াব পাবে।

http://www.sunnah.global/hadeeth/bn/show/3135